নন-এমপিও প্রতিষ্ঠান

# শিক্ষামন্ত্রীর আশ্বাসের পরও আমরণ অনশনে আন্দোলনরত শিক্ষকরা

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা , মঙ্গলবার, ২২ অক্টোবর ২০১৯



জাতীয় প্রেসক্লাবের সামনে আমরণ অনশনে শিক্ষকরা -সংবাদ

এবার আমরণ অনশনে গেলেন নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের আন্দোলনরত শিক্ষকরা। গতকাল সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে এ অনশন শুরু করেন তারা। এর আগে গত রোববার রাতে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠক করেন আন্দোলনকারী শিক্ষকরা। ওই বৈঠকে এমপিওভুক্তির আশ্বাস দিয়ে শিক্ষকদের আন্দোলন ছেড়ে ক্লাসে ফেরার আহ্বান জানান শিক্ষামন্ত্রী। তবে মন্ত্রীর আশ্বাসে সন্তুষ্ট নন তারা। নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী

ফেডারেশনের সভাপতি গোলাম মাহমুদুন্নবী ডলার বলেন, শিক্ষামন্ত্রীর সঙ্গে এ বিষয়ে বৈঠক হয়েছে। তার আশ্বাসে আমরা সন্তুষ্ট নই, তিনি আমাদের আন্দোলন ছেড়ে বাড়ি ফিরে যাওয়ার আহ্বান জানিয়েছেন। আমাদের দাবি আদায় না হওয়ায় এ আশ্বাসে আমরা ফিরে যাচ্ছি না। তিনি বলেন, আমাদের একটাই দাবি- সারাদেশে স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের একযোগে এমপিওভুক্ত করতে হবে। সে নিশ্চয়তা না পাওয়া পর্যন্ত আমরা বাড়ি ফিরে যাব না।

পরে সোমবার জাতীয় প্রেসক্লাবের সামনে শপথবাক্য পাঠ করার মধ্য দিয়ে ৩২ জন শিক্ষক আমরণ অনশন শুরু করেন। নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ ড. বিনয় ভূষণ রায় তাদের শপথবাক্য পাঠ করান। অনশন শুরু করা শিক্ষকরা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাৎও চান।

ফেডারেশনের সাধারণ সম্পাদক বিনয় ভূষণ রায় সাংবাদিকদের বলেন, আমরা আমরণ অনশন শুরু করেছি। আমাদের দাবি একটাই, নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে এমপিওভুক্ত করতে হবে। এবং প্রধানমন্ত্রীর সাক্ষাৎ চাই আমরা। যতক্ষণ না পর্যন্ত আমাদের এই দাবি পূরণ হবে, ততক্ষণ পর্যন্ত আমাদের এই আমরণ অনশন চলবে।

গোলাম মাহমুদুন্নবী ডলার বলেন, ২০১৮ সালের ৫ জানুয়ারি প্রধানমন্ত্রী এমপিওভুক্তির দাবি মেনে

নিয়েছিলেন এবং আশ্বস্ত করেছিলেন। তিনি বলেছিলেন, এই অর্থবছর থেকে কার্যক্রম শুরু হবে। কিন্তু দীর্ঘ সময় হয়ে গেলেও এ বিষয়ে কোন সিদ্ধান্ত আসেনি। এ অবস্থায় হতাশার জায়গা থেকে আমরা আবারও রাজপথে নেমেছি। আমরা প্রধানমন্ত্রীর সাক্ষাৎ চাই। যেহেতু ওনার প্রতিশ্রুতি আছে, আমরা আশা করি এর বাস্তবায়ন হবে।

গত ২০ মার্চ এমপিওভুক্তির দাবিতে জাতীয় প্রেসক্লাবের সামনে জড়ো হন তারা। পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী ২০ ও ২১ মার্চ প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে পদযাত্রার চেষ্টা করেন। কিন্তু পুলিশের বাধা পেয়ে তারা রাজধানীর কদম ফোয়ারা থেকে প্রেসক্লাব পর্যন্ত সড়কে অবস্থান নেন। পাঁচ দিন অবস্থানের পর শিক্ষামন্ত্রীর আশ্বাসে তারা কর্মসূচি স্থগিত করলেন। তবে গত বছর তারা একটানা ৩২ দিন অবস্থান কর্মসূচি ও অনশন পালন করেছিলেন। সেবারও তারা সরকারের আশ্বাসেই বাড়ি ফিরে গিয়েছিলেন। জানা গেছে, দেশের পাঁচ হাজারেরও বেশি নন-এমপিও প্রতিষ্ঠানে লক্ষাধিক শিক্ষক-কর্মচারী এমপিওভুক্তির জন্য দীর্ঘদিন ধরে অপেক্ষা করছেন। সর্বশেষ ২০১০ সালে নতুন প্রতিষ্ঠান এমপিওভুক্ত করেছিল সরকার।